# Delhi Public School, Howrah

**PERIODIC ASSESSMENT-II (2025-2026)**

**Class- X**

***Care must be taken not to write anything on the question paper. All the questions must be attempted in the correct sequence.***

**Subject:- BENGALI (005)**

**Time:-3 HOURS** **F.M.-80**

## PART-A: Objective type questions (MCQ)

## Section- A (Reading: Unseen Comprehension)

1. **নিচের অনুচ্ছেদগুলি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে নিয়ে লেখো:** [3×(1×4)=12]

A. বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র। দুর্লভ চরিত্র। ১৯২৭ সালের শেষ দিকে উনি যখন কলকাতা বেতারকেন্দ্রে এসে যোগ দেন তখন সেটা ছিল বেসরকারি প্রতিষ্ঠান। বেতারে যোগদানের আগে উনি পূর্বরেলে চাকরি করতেন। চাকরি ছেড়ে বেতারে যোগদান করেন। রেডিওতে যোগ দেওয়ার শুরু থেকেই বেতার সম্প্রচারকে নানাভাবে আকর্ষণীয় করে তোলার জন্য বহু অনুষ্ঠানের সূচনা করেন। 'পল্লীমঙ্গল আসর' থেকে শুরু করে 'বিদ্যার্থীমঙ্গল', সাপ্তাহিক চিত্র ও রঙ্গমঞ্চের সমালোচনা, খেলার জগতের সংবাদ, পুস্তক সমালোচনা, পৃথিবীর বিচিত্র সংবাদ পরিবেশনার আসর, সাহিত্যবাসর ইত্যাদি নানা অনুষ্ঠানের প্রবর্তন করেছিলেন। সবসময় সব বিষয়ে সম্প্রচারক পাওয়া যেত না। তাই, বিভিন্ন নামে তিনি একাই সেগুলো প্রচার করতেন। বীরেন্দ্রকৃষ্ণই গড়ে তুলেছিলেন 'বেতার নাটকের দল'।

পরে কত জনপ্রিয় অনুষ্ঠানসূচী প্রচার করা হয়েছে। যেমন--'শিশুমহল', 'অনুরোধের আসর', 'মহিলা মহল', 'গল্পদাদুর আসর'। 'শিশুমহল'-কে যেমন জনপ্রিয় করে তুলেছিলেন ইন্দিরাদি অর্থাৎ ইন্দিরা দেবী তেমন 'গল্পদাদুর আসর'কে আকর্ষণীয় করে তুলেছিলেন জয়ন্ত চৌধুরী। এদের কাছ থেকে শিখেছি অনেক কিছু, ভালবাসাও পেয়েছি। নাটক করতে গিয়ে যাদের খুব কাছাকাছি চলে এসেছিলাম তারা হলেন তৃপ্তিদি অর্থাৎ তৃপ্তি মিত্র, নীলিমাদি, শুক্লা অর্থাৎ শুক্লা দাস। শুক্লা নাটকের বিভাগেই চাকরি করত। নাচতেও পারত, খুব গুণী মেয়ে। কিন্তু ব্যক্তিগত জীবন দুঃখের। মৃত্যুর আগের দিন পর্যন্ত তার সঙ্গে আমার বন্ধুত্ব ছিন্ন হয়নি। আমি রেডিওতে যখন যোগ দিই, তার বেশ কিছুদিন পরে ঘোষিকা হিসেবে ভাগলপুর থেকে এসে রেডিওতে কাজ নেয় হেনা, হেনা খান্না। আজও তার সঙ্গে আমার প্রায় প্রতিদিনের যোগযোগ রয়েছে।

I. বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র বেতারে যোগদানের আগে কী করতেন?

A) বেকার ছিলেন। কিছুই করতেন না।

B) পূর্বরেলে চাকরি করতেন।

C) এক বেসরকারী প্রতিষ্ঠানে চাকরি করতেন।

D) খেলার জগতে যুক্ত ছিলেন।

II. 'গল্পদাদুর আসর'-কে আকর্ষণীয় করে তুলেছিল-

A) ইন্দিরা দেবী B) নীলিমাদি C) হেনা খান্না D) জয়ন্ত চৌধুরী

III. মন্তব্যঃ বিভিন্ন নামে তিনি একাই সেগুলো প্রচার করতেন।

কারণ (ক)- তিনি নানারকম আদব-কায়দায় কথা বলতে পারতেন।

কারণ (খ)- সবসময় সব বিষয়ে সম্প্রচারক পাওয়া যেত না।

A) কারণ ক ঠিক খ ভুল

B) কারণ খ ঠিক ক ভুল

C) কারণ ক ও খ দুটোই ঠিক

D) কারণ ক ও খ দুটোই ভুল

IV. 'প্রতিদিন'- ব্যাসবাক্য হবে -

A) দিনের পর দিন B) প্রতিটি দিন C) দিন দিন D) রোজ দিন

B. ভারী গর্ব হচ্ছিল চারণের এই প্রাচীন ঐতিহ্যের দেশে, রামায়ণ, মহাভারতের দেশে জন্মেছে বলে। তার মনে হয়, নিজের দেশকেই যে ভালো করে চেনেনি, জানেনি তার পক্ষেই বিদেশের প্রশস্তিতে মূর্খের মতো পঞ্চমুখ হওয়া সম্ভব। কুঞ্জাপুরীর পুরোহিত প্রথমে চারণের উপর বেশ বিরক্ত হয়েছিলেন। চারণ গাড়ি করে উঁচু শৃঙ্গে ওঠার পরও আরো তিনশো ষাটটি সিঁড়ি ভেঙে যখন মন্দিরের চাতালে এসে পৌঁছেছিল, তখন সিঁড়িতে তার পদশব্দ পেয়ে পুরোহিত নিজেই এসে দাঁড়িয়েছিলেন। চারণ তাকে নমস্কার করে বলেছিল, আমি কিন্তু এখানে পুজো দিতে আসিনি।

অবাক হলেন কুঁবারসিংজি, বংশানুক্রমে যিনি এই মন্দিরের পুরোহিত। গাড়োয়ালের রাজা যার পূর্বপুরুষকে উত্তরপ্রদেশের সমতলভূমি থেকে এনে এই উত্তুঙ্গ শৈল-শিখরের উচ্চতম চুড়োতে মহামায়ার পীঠের পূজারী করেছিলেন। পুরোহিত ভাবলেন চারণ নাস্তিক। বললেন, অজীব আদমী তো আপনি, তবে এলেন কেন? কুঁবারসিংজির 'তবে'র উত্তরে তাকে একটি পঞ্চাশ টাকার নোট দিয়ে চারণ বলেছিল, পুজো আপনি দিন, আমি ভিতরে ঢুকবো না। আমি এসেছি এই মন্দির দেখতে। যেকোনো ধরনের মন্দিরের চাতালে এলেই আমার মনে হয় এক ধরনের শান্তি আসে, ভালো লাগে। শান্তি থাকে আপনার বুকের মধ্যেই, কোন মন্দির, মসজিদ, গির্জাতে নয় বাবুজি। তবে সেই শান্তি হয়তো ভ্রমরের মতো কৌটোতে বন্ধ থাকে- এমন একটি জায়গাতে এলে সেই কৌটোর ঢাকনি আপনি খুলে যায়। পুরোহিতের এই কথাগুলি বড়ো ভালো লাগল চারণের।

I. বিদেশের প্রশস্তিতে পঞ্চমুখ হওয়ার মূর্খামি কারা করে?

A) যারা স্বদেশের থেকে বিদেশকে বেশি ভালোবাসে।

B) যারা আজীবন বিদেশে থাকে।

C) স্বদেশ যাদের কাছে অজানা, অচেনা রয়ে গেছে।

D) স্বদেশকে যারা ভালোভাবে দেখলেও স্বদেশ যাদের কাছে অচেনা রয়ে গেছে।

II. মন্তব্য (ক) কুঞ্জাপুরীর পুরোহিত প্রথমে চারণের উপর বেশ বিরক্ত হয়েছিলেন কারণ, দীর্ঘ পথ পেরিয়ে এই মন্দিরে আসা সত্ত্বেও সে দেবতার পূজা দিতে অনিচ্ছা প্রকাশ করেছিল।

মন্তব্য (খ): কুঞ্জাপুরীর পুরোহিত প্রথমে চারণের ওপর বেশি বিরক্ত হয়েছিলেন কারণ, উত্তুঙ্গ শৈল-শিখরে অবস্থিত মহামায়ার এই মন্দিরে সে একাই দেবতার পূজো দেওয়ার ইচ্ছা প্রকাশ করেছিল।

A) মন্তব্য ক সঠিক হলেও মন্তব্য খ ভুল

B) মন্তব্য ক ভুল কিন্তু মন্তব্য খ সঠিক

C) মন্তব্য ক এবং খ দুটিই গ্রহণযোগ্য

D) মন্তব্য ক এবং খ কোনোটিই গ্রহণযোগ্য নয়

III. কুঁবারসিংজি কীভাবে এই মন্দিরে পূজারীর দায়িত্ব পেয়েছিলেন?

A) তিনি একজন নামকরা পূজারী ছিলেন বলে তাকেই দায়িত্ব দেওয়া হয়েছিল।

B) ওই অঞ্চলে তার মতো শাস্ত্রজ্ঞ পুরোহিত আর কেউ ছিল না বলে তাকেই দায়িত্ব দেওয়া হয়েছিল।

C) গাড়োয়ালরাজ তার পূর্বপুরুষকে এই মন্দিরের পূজার ভার দিয়েছিলেন তাই বংশানুক্রমিকভাবে তিনি সেই দায়িত্ব পালন

করছেন।

D) গাড়োয়ালরাজ উত্তরপ্রদেশের সমতলভূমি থেকে এনে এই উত্তুঙ্গ শৈল-শিখরের উচ্চতম চুড়োতে মহামায়া পীঠের পূজারী করেছিলেন।

VI. 'পুরোহিত' শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে হবে-

A) পুরো+হিত B) পুর+হিত C) পুর:+অহিত D) পুর:+হিত

C. আঠাশ বছর হয়ে গেল তিনি নেই। তিনি বাঁধ ভাঙা ও বাঁধন ছেঁড়ার গল্প। তিনি মানে খালাসিটোলার প্রমত্ততা, তিনি মানে 'এই আসছি' বলে বেরিয়ে চাইবাসা। কিন্তু তার বাইরেও আছে আরও অনেক কিছু। উচ্ছৃঙ্খলতা, অজস্র মিথ কিংবা অস্থিরতা পেরিয়ে কবি শক্তি চট্টোপাধ্যায় যেন চির অন্বেষণরত এক নাবিক।

অগ্নি রায়ের এক বন্ধু বাড়ি এসে ম্লানমুখে একটি সান্ধ্য দৈনিক হাতে ধরিয়ে দিয়েছিল। প্রথম পাতার শিরোনাম অনেকটা এ রকম, 'শক্তি চট্টোপাধ্যায়ের জীবনাবসান'। শান্তিনিকেতন থেকে নিয়ে আসা হয়েছে কলকাতায়। পরেরদিন ছিল ঝাঁঝালো রোদের এক আশ্চর্য বসন্ত। তাঁর প্রিয় বর্ষা বা কোদালে মেঘের ছিটেফোঁটাও ছিল না কোথাও। কবির মৃত্যুতে বিধ্বস্ত কলকাতা সেদিন। রবীন্দ্রসদন আর নন্দন লাগোয়া চত্বরে ভিড় বাড়ছে। বিচিত্র, শ্রেণিহীন সেই ভিড়। বহু ট্যাক্সি ড্রাইভার, সর্বস্বান্ত চেহারার বিভিন্ন পেশার মানুষ, সকাল সকালই দু'পাত্র চড়িয়ে আসা কবিকুল, আমলা, অভিনেতা, গায়ক, পুলিশকর্তা– কে নেই। সৌমিত্র চট্টোপাধ্যায় বলছিলেন তাঁদের বন্ধু জীবনের কথা-'সকলের চেয়ে বেশি নিয়ে ওর একা থাকার অহংকার ছিল বোধহয়।' তাই কতকাল আগেই লিখেছিলেন- "চতুর্দোলা নিয়ে যম/অপমানে লাগে/... মৃত্যুর পরেও যেন হেঁটে যেতে পারি"। কবির মৃত্যুতে এত দীর্ঘ এবং স্বতঃস্ফূর্ত গান কবিতার শোকযাত্রা তার আগে কলকাতা খুব বেশি দেখেনি। আমরা হাঁটছি, পল্লব কীর্তনিয়া ভেঙে পড়তে পড়তেও আপ্রাণ গান গেয়ে চলেছেন "ঘরেও নহে পারেও নহে যে জন আছে মাঝখানে...।" হাফহাতা হাওয়াই শার্ট পরে সন্দীপন চট্টোপাধ্যায় পাশেই হাঁটছেন। শক্তির বিভিন্ন সময়কার পদ্যের পঙক্তি গর্জে উঠছে শোকমিছিল থেকে। এমন সময় একজন পড়তে শুরু করল,"ভালোবাসা পেলে সব লণ্ডভণ্ড করে চলে যাবো"... চতুর্দশপদী সিরিজের বিখ্যাত সেই কবিতা। পাশ থেকে কবি বন্ধু সন্দীপন বললেন, 'ওরে ওটা পড়িস না, ওতে খারাপ একটা কথা আছে।" টকটকে লাল চোখ, সুনীল গঙ্গোপাধ্যায়কে দেখা গেল একদম শেষে। সিগারেট খেতে খেতে চুল্লির প্রশস্ত চাতালে প্রায় দৌড়ে ঢুকে গেলেন। সমীর সেনগুপ্ত 'আমার বন্ধু শক্তি' গ্রন্থে লিখছেন "বড়ো কোম্পানিতে চাকরিও পেয়েছিল বার দুই, কিন্তু নিস্তরঙ্গ মধ্যবিত্ত জীবনে প্রমোশন পেয়েও নিল না। সামান্য কিছুদিন গ্রিনরুমে টলমল করে হাঁটা- তারপরই রাজার মুকুট পরে মঞ্চে প্রবেশ। প্রায় চল্লিশ বছর সেই মুকুট মাথায় নিয়ে ঘুরেছে শক্তি, ওকে দেখলে মনে হত না মুকুটটার ওজন একটা পালকের থেকে বেশি।"

I. মন্তব্য: অগ্নি রায়ের এক বন্ধু বাড়ি এসে ম্লানমুখে একটি সান্ধ্য দৈনিক হাতে ধরিয়ে দিয়েছিল।

কারণ (ক): ওই কাগজে লেখা ছিল শক্তি চট্টোপাধ্যায়ের চলে যাওয়ার কথা।

কারণ (খ) : ওই কাগজে লেখা ছিল শক্তি চট্টোপাধ্যায়কে শান্তিনিকেতন থেকে নিয়ে আসার খবর।

A) কারণ ক ঠিক খ ভুল

B) কারণ খ ঠিক ক ভুল

C) কারণ ক ও খ দুটোই ঠিক

D) কারণ ক ও খ দুটোই ভুল

II. “ওকে দেখলে মনে হত না মুকুটটার ওজন একটা পালকের থেকে বেশি।”- আলোচ্যমান উক্তিটির মধ্যে দিয়ে লেখক শক্তি চট্টোপাধ্যায় সম্পর্কে কোন্ কথাটি বোঝাতে চেয়েছেন?

A) অহঙ্কারশূন্য একজন মানুষ B) খুব সাধারণ একজন মানুষ

C) প্রচণ্ড আবেগঘন একজন মানুষ D) রাগী একজন মানুষ

III.”বিচিত্র, শ্রেণিহীন সেই ভিড়।”- আলোচ্যমান উক্তিটিতে শ্রেণিহীন বলতে লেখক কাদের বুঝিয়েছেন?

A) সমাজের সব শ্রেণির মানুষকে B) খুব সাধারণ মানুষকে

C) যারা শুধু দিল পেল না কিছুই তাদেরকে D) যাদের সামাজিক কোন পরিচয় নেই তাদেরকে

IV. ‘নন্দন’ শব্দের সমার্থক শব্দটি হল-

A) আনন্দের উৎস B) নির্ভর C) আনন্দদায়ক D) তন্ময়

## Section B

## Grammar: Objective type questions (MCQ)

**2. ব্যাকরণ থেকে প্রদত্ত প্রশ্নগুলির বিকল্প উত্তরটি বেছে নিয়ে লেখো: (যেকোনো তিনটি)** [3×1=3]

I. নিচের কোনটি সাধুরীতির উদারহরণ ?

A) তখন গভীর ছায়া নেমে আসে সর্বত্র।

B) তখন গভীর ছায়া নামিয়া আসিল সবখানে।

C) তখন গভীর ছায়া নামিয়া আসে সর্বত্র।

D) তখন গভীর ছায়ায় সর্বত্র ঢেকে গিয়েছে।

II. অপরাহ্নে পালামৌ প্রবেশ করিয়া বনমধ্য দিয়া যাইতে লাগিলাম।-বাক্যটিকে চলিতভাষায় রূপান্তরিত করলে এর অনুসর্গের রূপ হবে-

A) করে B) দিয়ে C) হইতে D) জন্য

III. একটি মহিষ সভয়ে মুখ তুলিয়া পালকির প্রতি এক দৃষ্টিতে চাহিয়া আছে।– এই বাক্যটি একটি সাধুরীতির দৃষ্টান্ত।

কারণ (ক)- বাক্যটিতে ক্রিয়াপদের সংক্ষিপ্তরূপ ব্যবহৃত হয়েছে।

কারণ (খ)- বাক্যটিতে ক্রিয়াপদের পূর্ণরূপ ব্যবহৃত হয়েছে।

A)কারণ ক ঠিক খ ভুল

B) কারণ খ ঠিক ক ভুল

C) কারণ ক ও খ দুটোই ঠিক

D) কারণ ক ও খ দুটোই ভুল

IV. গল্প শুনিয়া আমার সর্বশরীর কাঁটা দিয়া উঠিল।- বাক্যটিকে চলিত রীতিতে পরিবর্তন করলে এর রূপ হবে-

A) গল্প শুনিয়ে আমার সারাশরীর কাঁটা দিয়া উঠিল।

B) গল্প শুনিয়া আমার সারাশরীর কাঁটা দিয়ে উঠল।

C) গল্প শুনে আমার সর্বশরীর কাঁটা দিয়ে উঠল।

D) গল্প শুনে আমার সারাশরীর কাঁটা দিয়ে উঠল।

## Section C

## (Main Course Book & Supplementary Reader/ Non-detailed Text): MCQ

**3. পাঠ্য গদ্য থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখো:( যেকোনো ছয়টি)** [1×6=6]

I. ' তপনের মনে হয় আজ সবথেকে দুঃখের দিন।'- এমন মনে হওয়ার কারণ হল-

A) তপনের লেখা নামী পত্রিকা 'সন্ধ্যাতারা'র বদলে 'ধ্রুবতারা'তে প্রকাশ পেয়েছিল।

B) তপনের লেখার অর্ধেক অংশ পত্রিকাতে প্রকাশ পেয়েছিল।

C) তপনের লেখার অনেকটা অংশ সম্পাদক কর্তৃক পরিবর্তিত হওয়ায় তপনের লেখক সত্তা আহত হয়েছিল।

D) তপনের লেখা তার ছোটমেসো আগাগোড়াই বদলে দিয়ে তাকে অপমান করেছিলেন।

II. মন্তব্য: অবশেষে আমি আশ্রয় দিলাম আলোবাবুকে।

কারণ(ক)- বক্তা বাড়ির ফাইফরমাশ খাটাতে পারবেন বলেই আলোবাবুকে আশ্রয় দিয়েছিলেন।

কারণ(খ)- আলোবাবু একেবারে আশ্রয়হীন হয়ে পড়েছিলেন বলে।

A)কারণ ক ঠিক খ ভুল

B) কারণ খ ঠিক ক ভুল

C) কারণ ক ও খ দুটোই ঠিক

D) কারণ ক ও খ দুটোই ভুল

III. 'সন্ন্যাসী হাসলেন আর চলে গেলেন'। সন্ন্যাসীর চরিত্রের কোন দিকটি ফুটে উঠেছে?

A) কপটতা B) উদারতা C) প্রতিহিংসাপরায়ণতা D) ধার্মিকতা

IV. 'আলোবাবু তখন পাগলা গারদে আছেন।'- কেন?

A) আলোবাবুর পাগলামি খুব বেড়েছিল।

B) আলোবাবুকে অন্যায়ভাবে পাগলাগারদে ঢুকিয়ে দেওয়া হয়েছিল।

C) বর্তমান সমাজের ব্যতিক্রমী মানুষ ছিলেন আলোবাবু।

D) এগুলোর কোনটাই নয়।

V. মন্তব্য: ও সব হলো সুন্দর সুন্দর এক-একটি বঞ্চনা।

কারণ(ক) - বিরাগীর মতে ধন-জন-যৌবন এই জীবনের সবকিছু।

কারণ(খ) - মন প্রাণের সব আকাঙ্ক্ষা নিয়ে শুধু ঈশ্বরের আপন হতে চেষ্টা করতে হয়, যাকে পেলে সৃষ্টির সব ঐশ্বর্য পাওয়া হয়ে যায়।

A)কারণ ক ঠিক খ ভুল

B) কারণ খ ঠিক ক ভুল

C) কারণ ক ও খ দুটোই ঠিক

D) কারণ ক ও খ দুটোই ভুল

VI. কোন বিষয়ে সন্দেহ ছিল তপনের?

A) লেখকেরা খুব অহংকারী মানুষ।

B) লেখকরা সাধারণ মানুষের সঙ্গে সব ব্যাপারে কথা বলে না।

C) লেখকরা তপনের বাবা, ছোটোমামা বা মেজোকাকুর মতো মানুষ।

D) লেখকরা নিয়ম মেনে সব কাজ করে না।

VII. 'সেটা তো বড়জোর আট আনা কিংবা দশ আনা।'- 'আনা' বলতে কত পয়সা বোঝায়?

A) ৫.২৫ পয়সা B) ৬.২৫ পয়সা C) ৭ পয়সা D) ১০.৫০ পয়সা

VIII. আলোবাবু কার পরিচর্যায় নিযুক্ত ছিলেন?

A) একটি বিড়ালের B) একটি দেশি কুকুরের বাচ্চার C) একটি শিশুর D) একটি ঘড়ির

**4. গল্পগুচ্ছ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখো: ( যেকোনো চারটি)** **[1×4=4]**

I. মন্তব্য: জমিদারি হারিয়ে শশীভূষণ 'যেন ঘাটের বাঁধাসোপান হইতে পিছলিয়া একমুহূর্তে ডুবজলে গিয়া পড়িলেন।'

কারণ (ক)- তাঁর অন্য কোন কাজ করার মতো স্বভাব বা শিক্ষা ছিল না।

কারণ (খ)- তাঁর অন্য কোন কাজ করার মত বয়স ছিল না।

A) কারণ ক ঠিক খ ভুল

B) কারণ খ ঠিক ক ভুল

C) কারণ ক ও খ দুটোই ঠিক

D) কারণ ক ও খ দুটোই ভুল

II.আরোগ্য লাভের পর পোস্টমাস্টার কত দিন উলাপুরে ছিলেন?

A) সপ্তাহখানেক B) দিন চারেক C) দিন পনের D) মাসখানেক

III. 'কিন্তু এরূপ অসামান্য পরিপাকশক্তি সকলের নিকটে প্রত্যাশা করা যাইতে পারে না'।- এখানে 'পরিপাকশক্তি' কথাটা কোন অর্থে ব্যবহার করা হয়েছে?

A) চিন্তা শক্তি B) কর্মশক্তি C) সহ্য শক্তি D) ইচ্ছা শক্তি

IV. মন্তব্য: পোস্টমাস্টার অনেক কথা নীল কুঠির গোমস্তাদের বলতে পারতেন না।

কারণ (ক)- নীলকুঠির গোমস্তাদের সঙ্গে তাঁর সদ্ভাব ছিল না।

কারণ(খ)- নীলকুঠির গোমস্তাদের সঙ্গে তাঁর অন্তরঙ্গতা ছিল না।

A)কারণ ক ঠিক খ ভুল

B) কারণ খ ঠিক ক ভুল

C) কারণ ক ও খ দুটোই ঠিক

D) কারণ ক ও খ দুটোই ভুল

V. রাধামুকুন্দর স্ত্রীর গয়না বন্ধক রেখেছিলেন কেন?

A) দেনা পরিশোধের জন্য B) জমিদারি পুনরুদ্ধারের জন্য

C) খাজনা মেটানোর জন্য D) সংসার চালানোর জন্য

## PART-B: (Descriptive type question)

## SECTION-B (GRAMMAR)

**5. A. সন্ধি করো: (যেকোনো দুটি)** **[1×2=2]**

A) চতুঃ+টয় B) সৃষ্+তি C) মনঃ+ক্ষুন্ন D) বক্ষঃ+উপরি

**B. সন্ধিবিচ্ছেদ করো: (যেকোনো দুটি)** **[1×2=2]**

A) ইতস্তত B) কিংবদন্তি C) উত্থাপন D) ষোড়শ

**6. ব্যাসবাক্যসহ নিম্নরেখ পদগুলির সমাস নির্ণয় করো: (যেকোনো তিনটি)** **[1×3=3]**

A) 'ধ্বনিটিরে **প্রতিধ্বনি** সদা ব্যঙ্গ করে।'

B) **জ্যোছনাস্নিগ্ধ** নদীর চড়ায় নেমেছে রাত্রি।

C) 'আমার সন্তান যেন থাকে **দুধেভাতে**'।

D) 'আমাদের **জীবননদী** মৃত্যুর সমুদ্রে মিলিয়াছে।'

E) পরীক্ষার সময় **স্নানাহার** করার সময় থাকে না।

**7. নির্দেশানুসারে প্রদত্ত বাক্যগুলির গঠনগত রূপান্তর করো:(যেকোনো তিনটি)** [1×3=3]

A) সংবাদটি শুনে সে বিস্মিত হল। (জটিল বাক্যে)

B) যিনি কাল এসেছিলেন তিনি একজন ডাক্তার। (সরল বাক্যে)

C) বয়সে ছোট হলেও তার বুদ্ধি প্রখর। (যৌগিক বাক্যে)

D) সে পড়াশোনা করে, তাই সকলে তাকে ভালোবাসে। (জটিল বাক্যে)

E) এটা জঙ্গল কিন্তু মানুষ বাস করে। (সরল বাক্যে)

## SECTION- C (Main Course Book & Supplementary Reader/ Non-detailed Text)

8. 'আশ্চর্য, কোথাও কিছু উল্টোপাল্টা নেই, অন্যরকম নেই, একেবারে নিছক মানুষ'।- পাঠ্যগল্প অনুযায়ী নিছক মানুষের যে কোন দুটি লক্ষণের উল্লেখ করো। [2]

9. a) 'এমন গলা ছেড়ে গান গাইতে শুনিনি কখনো তাঁকে।'- এখন এমন করে গান গাইতে শোনা গেল কেন? [3]

b) 'কিন্তু কাজ করতে হরিদার প্রাণের মধ্যেই যেন একটা বাধা আছে।'-এ থেকে হরিদার চরিত্রের কোন বৈশিষ্ট্যটি ফুটে ওঠে? [3]

10. "যাঁকে পেলে এই সৃষ্টির সব ঐশ্বর্য পাওয়া হয়ে যায়।"-

a) বক্তা কোন প্রসঙ্গে আলোচ্যমান কথাগুলি বলেছিলেন?

b) আলোচ্যমান উক্তিটির মধ্যে দিয়ে প্রকৃতপক্ষে তিনি কী বোঝাতে চেয়েছেন? [2+3=5]

**OR**

"আলোবাবু এখন পাগলা গারদে..."-

a) আলোবাবু কে এবং তিনি পাগলাগারদে কেন?

b) তার পাগলাগারদে থাকা কতটা যুক্তিযুক্ত?

**11. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো:** **[5]**

সহজ করে বাঁচা কি আর খাঁচাতে সম্ভব?

**OR**

আমি এখন হাজার হাতে পায়ে
এগিয়ে আসি, উঠে দাঁড়াই।

12. "আয় আরো হাতে হাত রেখে
আয় আরো বেঁধে বেঁধে থাকি।" –

a) কার লেখা, কোন কবিতায়, কার এই আহ্বান?

b) কেন এই আহ্বান তা নিজের ভাষায় ব্যাখ্যা করো। [2+3=5]

OR

" সকালে প্রভাত ফেরির সঙ্গে
ভোরের আজান"-

a) কবি কোন প্রসঙ্গে উদ্ধৃতাংশটির অবতারণা করেছেন?

b) সকালের 'প্রভাতফেরি' আর 'ভোরের আজান' কী ভূমিকা নিয়েছে?

13. "সেই মুহূর্তেই সে জননীর পদ অধিকার করিয়া বসিল।"-

a) কোন পরিস্থিতিতে এমন ঘটনা ঘটল?

b) কীভাবে সে মাতৃস্থান অধিকার করল? [2+3=5]

14. "আমিই সেই প্রভেদ লোপ করিয়াছিলাম।"-

a) বক্তা কেন প্রভেদ লোপ করতে চেয়েছিলেন?

b) বক্তা কীভাবে সেই প্রভেদ লোপ করেছিলেন? [2+3=5]

OR

" সংসারে একটা মহৎ পরিবর্তন দেখা গেল।"-

a) কখন সংসারে মহৎ পরিবর্তন দেখা গিয়েছিল?

b) মহৎ পরিবর্তনের পরিচয় দাও।

**15. নিম্নলিখিত যেকোনো একটি বিষয় অবলম্বনে অনুচ্ছেদ রচনা করো। [6]**

(I) ধ্রুপদী ভাষা হিসেবে বাংলা ভাষার স্বীকৃতিতে- তোমার অনুভব

(II) দৈনন্দিন জীবনের চলমান দূরভাষ

(III) একটি হারিয়ে যাওয়া যানবাহনের আত্মকথা

16. সামনেই আসছে পুজো। আর এই পুজোকে কেন্দ্র করে বেড়ে চলেছে চাঁদার জুলুম। এই বিষয়ে সংবাদপত্রের সম্পাদককে একটি চিঠি লেখো। [6]

OR

লোকাল ট্রেনের যাত্রীদের অসুবিধার কথা জানিয়ে 'দৈনিক' সংবাদপত্রের সম্পাদকের কাছে একটি পত্ররচনা করো।